প্রডিউসার গ্রুপ গঠন রেজ্যুলেশন

# প্রডিউসার গ্রুপ গঠন ও ব্যাংক অ্যাকাউন্ট খোলার সভা

প্রডিউসার গ্রুপের নাম: ................................................... তারিখ: ................
স্থান: .......................
উপস্থিত সভানেত্রী: ....................... ..............................সময়: ...........
রেজ্যুলেশন নং: .......................
বিষয়: ........................ নিয়ে প্রডিউসার গ্রুপ গঠন রেজ্যুলেশন ও প্রস্তাব অনুমোদন প্রসঙ্গে।

**প্রস্তাবনা :–** প্রডিউসার গ্রুপ গঠন রেজ্যুলেশন গঠনের প্রস্তাব অনুমোদন প্রসঙ্গে।

……………………গ্রাম পঞ্চায়েতের আনন্দধারার …………………………এর স্বনির্ভর গোষ্ঠীর মহিলা কৃষাণ পরিবারের উৎপাদিত পণ্যের ন্যায্য মূল্য প্রাপ্তি নিশ্চিত করা ও গুণগত মান বৃদ্ধি, বাজার সংযোগ স্থাপন, বা যৌথভাবে উৎপাদনের খরচ কমানোর উদ্দেশ্যে একই ধরনের খাদ্য পণ্য উৎপাদন করে জন সদস্যা নিয়ে গ্রুপ গঠনের প্রস্তাব রাখা হয়েছে।

এই গ্রুপটি একটি সুসংগঠিত কাঠামোর অধীনে কাজ করে সদস্যাদের সম্মিলিত শক্তিকে কাজে লাগিয়ে সদস্যাদের অর্থনৈতিক ও সামাজিক উন্নয়নে ভূমিকা রাখবে বলে বিশ্বাস করা হয়। তাই ……………. তারিখে অনুষ্ঠিত প্রাথমিক আলোচনা সভায় উপস্থিত সকল সদস্যাদের নিয়ে একটি প্রডিউসার গ্রুপ গঠন রেজ্যুলেশন এবং এর পাশাপাশি প্রডিউসার গ্রুপের সদস্যারা কার্যক্রমে স্বচ্ছতা ও আর্থিক ব্যবস্থাপনা সুচারুভাবে পরিচালনার জন্য একটি প্রাতিষ্ঠানিক ব্যাংক অ্যাকাউন্টের প্রয়োজনীয়তা অনুভব করছে। অতএব, সর্বসম্মতিক্রমে নিম্নলিখিত সিদ্ধান্তগুলি গৃহীত হলো:

**১. প্রডিউসার গ্রুপ গঠন :–**

সিদ্ধান্ত নেওয়া হলো যে, এই সভায় উপস্থিত সকল সদস্যা এবং ভবিষ্যতে যোগদানকারী যোগ্য সদস্যাদের নিয়ে …………………… প্রোডিউসার গ্রুপ গঠন করা হলো।

**২. উদ্দেশ্য ও লক্ষ্য:–** এই প্রডিউসার গ্রুপ গঠন রেজ্যুলেশন এর প্রাথমিক উদ্দেশ্য ও লক্ষ্যগুলি নিম্নরূপ হবে:

- ক. সদস্যাদের উৎপাদিত পণ্যের সংগ্রহ, একত্রীকরণ এবং বাজারজাতকরণে সহায়তা করা।
- খ. সদস্যাদের উন্নত উৎপাদন কৌশল, প্রযুক্তি এবং প্রশিক্ষণে প্রবেশাধিকার নিশ্চিত করা।
- গ. কৃষি উপকরণ, সার, বীজ,পশু ভ্যাক্সিন ইত্যাদি ন্যায্যমূল্যে সংগ্রহে সদস্যাদের সহায়তা করা।
- ঘ. যদি প্রয়োজন হয় সদস্যাদের মধ্যে ঋণ সহায়তা প্রদান বা সামাজিক বন্ধন সুদৃঢ় করা।

**৩. কার্যকরী কমিটি গঠন (Executive Committee):-**

গোষ্ঠীর প্রধান কার্যক্রম পরিচালনার জন্য একটি পূর্ণাঙ্গ কার্যকরী কমিটি নিম্নরূপ গঠিত হলো:

| ক্র:নং | **উপাধি** | **পরিচালকের নাম** | **স্বাক্ষর** |
|---|---|---|---|
| ১ | সভানেত্রী | | |
| ২ | সম্পাদিকা | | |
| ৩ | কোষাধ্যক্ষ | | |
| ৪ | সহ–সভানেত্রী | | |
| ৫ | সহ–সম্পাদিকা | | |

**৪. ব্যাংক অ্যাকাউন্ট খোলা:** সিদ্ধান্ত নেওয়া হলো যে, ……………………প্রডিউসার গ্রুপের নামে …………………… ব্যাংকের …………………… শাখায় একটি সেভিংস অ্যাকাউন্ট খোলা হবে।

**৫. অনুমোদিত স্বাক্ষরকারী (Authorized Signatories) ও ব্যাংক পরিচালনা:**

উক্ত ব্যাংক অ্যাকাউন্টটি খোলা এবং লেনদেন করার জন্য নিম্নলিখিত তিনজনকে যৌথভাবে ক্ষমতাপ্রাপ্ত করা হলো:

| ক্র:নং | **উপাধি** | **পরিচালকের নাম** | **স্বাক্ষর** |
|---|---|---|---|
| ১ | সভানেত্রী | | |
| ২ | সম্পাদিকা | | |
| ৩ | কোষাধ্যক্ষ | | |

সিদ্ধান্ত হইল যে অ্যাকাউন্টটি যৌথভাবে (Joint Operation) পরিচালিত হবে। সভানেত্রী এবং অন্য দুই জনের যে কোনো এক জন স্বাক্ষরকারীদের সমন্বয়ে লেনদেন সম্পন্ন হবে।

**৬. ব্যাংকের ক্ষমতা প্রদান:** সিদ্ধান্ত নেওয়া হলো যে, উপরোক্ত অনুমোদিত স্বাক্ষরকারীগণ দ্বারা স্বাক্ষরিত সকল চেক, ড্রাফট এবং অন্যান্য হস্তান্তর যোগ্য দলিল বা নির্দেশ ব্যাংকের দ্বারা সম্মানিত হবে, এবং ব্যাংককে এই অ্যাকাউন্ট সম্পর্কিত সকল লেনদেন সম্পন্ন করার জন্য পূর্ণ ক্ষমতা প্রদান করা হলো।

**৭. প্রয়োজনীয় কাগজপত্র জমা দেওয়া:** উপরে উল্লিখিত অনুমোদিত স্বাক্ষরকারীগণকে ব্যাংক অ্যাকাউন্ট খোলার জন্য প্রয়োজনীয় সকল কাগজপত্র ব্যাংক কর্তৃপক্ষের কাছে জমা দেওয়ার ক্ষমতা প্রদান করা হলো।

**৮. কার্যপ্রণালী ও উপবিধি প্রস্তুত :** সিদ্ধান্ত নেওয়া হলো যে, নবগঠিত পরিচালনা কমিটি যত দ্রুত সম্ভব একটি বিস্তারিত নিয়মাবলী ও বাই-লজ প্রস্তুত করবে ও পরবর্তীতে মিটিংয়ে অনুমোদনের জন্য উপস্থাপন করবে।

অদ্যকার সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতির অনুমতি নিয়ে সভার কার্য সমাপ্ত করা হইল। এই প্রডিউসার গ্রুপ গঠন রেজ্যুলেশন উপস্থিত সদস্যাদের দ্বারা গৃহীত ও অনুমোদিত।

সভানেত্রীর স্বাক্ষর ও সীল

সভায় যতজন সদস্যা উপস্থিত হয়েছে সকল সদস্যার নাম ও স্বাক্ষর:

| **ক্র: নং** | **উপস্থিত সদস্যার নাম** | **সদস্যার স্বাক্ষর** | **ক্র: নং** | **উপস্থিত সদস্যার নাম** | **সদস্যার স্বাক্ষর** |
|---|---|---|---|---|---|
| ১ | | | ২১ | | |
| ২ | | | ২২ | | |
| ৩ | | | ২৩ | | |
| ৪ | | | ২৪ | | |
| ৫ | | | ২৫ | | |
| ৬ | | | ২৬ | | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৭ | | | ২৭ | | |
| ৮ | | | ২৮ | | |
| ৯ | | | ২৯ | | |
| ১০ | | | ৩০ | | |
| ১১ | | | ৩১ | | |
| ১২ | | | ৩২ | | |
| ১৩ | | | ৩৩ | | |
| ১৪ | | | ৩৪ | | |
| ১৫ | | | ৩৫ | | |
| ১৬ | | | ৩৬ | | |
| ১৭ | | | ৩৭ | | |
| ১৮ | | | ৩৮ | | |
| ১৯ | | | ৩৯ | | |
| ২০ | | | ৪০ | | |